

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - কবরের 'আযাব

بَابُ إِثْبَاتِ عَذَابِ الْقَبْرِ

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم قَالَ: «إِنَّ اَحَدَكُمْ إِذَا مَاتَ عُرِضَ عَلَيْهِ مَقْعَدُهُ بِالْغَدَاةِ وَالْعَشِيِّ إِنْ كَانَ مِنْ أَهْلِ الْجَنَّةِ فَمِنْ أَهْلِ الْجَنَّةِ وَإِنْ كَانَ مِنْ أَهْلِ النَّارِ فَمِنْ أَهْلِ النَّارِ فَيْقَالُ هَذَا مَقْعَدُكَ حَتَّى يَبْعَتْك الله يَوْم الْجَنَّةِ وَإِنْ كَانَ مِنْ أَهْلِ النَّارِ فَمِنْ أَهْلِ النَّارِ فَيْقَالُ هَذَا مَقْعَدُكَ حَتَّى يَبْعَتْك الله يَوْم الْقِيَامَة»

বাংলা

১২৭-[৩] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন মারা যায়, (কবরে) তাকে সকাল-সন্ধ্যায় তার (ভবিষ্যৎ) অবস্থান দেখানো হয়। যদি সে জান্নাতী হয়, তার অবস্থান জান্নাত আর যদি জাহান্নামী হয় তবে তার অবস্থান জাহান্নাম দেখানো হয়। আর তাকে বলা হয়, এটাই তোমার প্রকৃত অবস্থান। অতঃপর কিয়ামতের (কিয়ামতের) দিন আল্লাহ তা'আলা তোমাকে উঠিয়ে সেখানে প্রেরণ করবেন। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter: Confirmation of the Punishment in the Grave - Section 1

'Abdallah b. 'Umar reported God's messenger as saying, "When one of you dies, his abode among the inhabitants of paradise will be shown him morning and evening if he is to be one of them; but if he is to be one of the inhabitants of hell, his abode among them will be shown him. He will be told that this is his abode to which God will finally raise him on the day of resurrection."

(Bukhari and Muslim.)



ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৩৭৯, মুসলিম ২৮৬৬, নাসায়ী ২০৭০, আহমাদ ৫৯২৬, সহীহ ইবনু হিব্বান ৩১৩০, সহীহ আল জামি' ৭৯২, সহীহ আতৃ তারগীব ৩৫৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তার নিকট তার রূহ ফিরিয়ে দেয়া হয় যাতে করে তার সাথে কথা বলা যায় এবং সে অনুধাবন করতে পারে।

প্রশ্ন হলো, প্রতিনিয়তই কি তার নিকট তার রূহ ফিরিয়ে দেয়া হয়, নাকি একবারই দেয়া হয়।

'একবারই দেয়া হয়' এ মতটিই বেশী গ্রহণযোগ্য, আনাস (রাঃ)-এর হাদীসের কারণে এবং অপরাপর কিছু হাদীছ রয়েছে যা তাই প্রমাণ করে।

সকাল-সন্ধ্যা দিনের দুই প্রান্তে অথবা উদ্দেশ্য সার্বক্ষণিকের জন্যও হতে পারে। রূহের সামনে তার আসল ঠিকানা পেশ করা এবং মু'মিনকে নি'আমাত এবং কাফিরকে শান্তি প্রদান করার মাধ্যমে প্রমাণ হয় কবরের শান্তি সাব্যস্ত এবং শরীরের মতো রূহ শেষ হয়ে যায় না। কেননা কোন জিনিস পেশ করা জীবিত ছাড়া অসম্ভব। তাহলে বুঝা গেল রূহ শেষ হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন